10067 - নামাযে মুক্তাদির কুরআন বহন করা রাসূলের সুন্নাহর (আদর্শের) পরিপন্থী

প্রশ্ন

প্রশ্ন: রমজান মাসে তারাবীর নামায পড়া অবস্থায় মুক্তাদি কর্তৃক ইমামের ক্বিরাত অনুসরণ করার জন্য কুরআন শরিফ বহন করার হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

এই উদ্দেশ্যে কুরআন বহন করা রাসূলের সুন্নাহর (আদর্শের)পরিপন্থী। এর কারণগুলো হলো নিম্নরূপ:

এক: এর দ্বারা মুক্তাদির দাঁড়ানো অবস্থায় বাম হাতের উপর ডান হাত রাখার আমল ছুটে যায়।

দুই:এর ফলে মুক্তাদির অতিরিক্ত নড়াচড়ার প্রয়োজন হয়, যার কোন প্রয়োজন নেই। যেমন কুরআন খোলা, বন্ধ করা, বাহুর নিচে কুরআন রাখা ইত্যাদি।

তিন: প্রকৃতপক্ষে এই নড়চড়াতে মুসল্লী ব্যক্তি ব্যস্ত হয়ে থাকে।

চার: এর ফলে মুসল্লীর সিজদার স্থানে দৃষ্টি দেয়ার আমল ছুটে যায় এবং অধিকাংশ আলেমের মতে, সিজদা করার স্থানে দৃষ্টি দেয়া সুন্নত ও উত্তম।

পাঁচ: যে ব্যক্তি এভাবে নামাযে কুরআন বহন করে সে হয়ত ভুলেই যায় যে, সে নামাযে রয়েছে; যদি না সে তার মনকে নামাযে মনোনিবেশ করাতে পারে। পক্ষান্তরে সে যদি খুশু (বিনম্রতা) এর সাথে বাম হাতের উপর ডান হাত রেখে সিজদার স্থানের দিকে মাথা নত করে নামায আদায় করে,তবে এ পদ্ধতি নামাযে মনোনিবেশ ধরে রাখা এবংসে ইমামের পেছনে নামায পড়ছে এই কথা মনে রাখার সহজ উপায়।